
একক 1 □ পরিসংখ্যান প্রকৃতি; অবিচ্ছিন্ন চল, বিচ্ছিন্ন চল, স্থিতিমাপক, স্কেল, অস্থিতিমাপক স্কেল, শতকরার ব্যবহার
(Nature of statistical data; Discrete, Continuous Parametric, Non-parametric, use of percentage)

গঠন

- 1.1 প্রস্তাবনা
- 1.2 উদ্দেশ্য
- 1.3 চল (Variables)
- 1.4 স্থিতিমাপক স্কেল (Parametric scale)
- 1.5 অস্থিতিমাপক স্কেল (Non-Parametric scale)
- 1.6 শতকরার ব্যবহার (Use of percentages)

1.1 প্রস্তাবনা

স্ট্যাটিস্টিকস (রাশিবিজ্ঞান) শব্দের উৎপত্তি : স্ট্যাটিস্টিকস (Statistics) শব্দটির উৎস সঠিকভাবে জানা যায়নি। খুব সম্ভবত স্টেট (State) শব্দটি থেকে স্ট্যাটিস্টিকস শব্দটি এসেছে। প্রাচীন ও মধ্যযুগে রাজা ও সামন্তগণ প্রজাদের তথ্য কৃষকদের কাছ থেকে রাজস্ব আদায়ের জন্য বসবাসকারী জনসংখ্যা সম্পর্কে এবং তাদের অর্থনৈতিক অবস্থা সম্পর্কে নানা প্রকার তথ্য সংগ্রহ করত। এমনকি যুদ্ধ, অর্থনৈতিক পরিকল্পনার ক্ষেত্রেও এধরনের তথ্য ব্যবহার করা হত। রাশিবিজ্ঞান শব্দটির সঙ্গে রাশিতথ্যের (Data) সম্পর্ক অতি নিবিড়। তাই মনে করা হয় যে স্টেট শব্দটি থেকে স্ট্যাটিস্টিকস শব্দটি এসেছে।

রাশিবিজ্ঞানের সংখ্যা : রাশিবিজ্ঞানকে এককভাবে সংজ্ঞা দেওয়া যায় না। সাধারণত ইহা তিনটি ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহৃত হয়। যেমন,

প্রথম অর্থে, রাশি বিজ্ঞান বা পরিসংখ্যান, রাশিতথ্য শব্দটির সঙ্গে সমার্থক। সুতরাং এই পরিসংখ্যান বা রাশিবিজ্ঞান বলতে যে কোন বিষয়ের উপর সংগৃহীত রাশিতথ্যকেই (Data) বোঝায়।

দ্বিতীয় অর্থে, রাশিবিজ্ঞান হল বিজ্ঞানের একটি শাখা যাতে রাশিতথ্য সংগ্রহ (Collection), উপস্থাপনা (Presentation), বিশ্লেষণ (Analysis) এবং ব্যাখ্যা (Interpretation)-এর বিভিন্ন পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হয়।

তৃতীয় অর্থে, রাশিবিজ্ঞান হল এক শ্রেণীর সংখ্যাত্মক সূচক বা পরিমাপ, যা কোন নমুনা রাশিতথ্যের ভিত্তিতে নির্ণয় করা হয়। বস্তুত প্রথম ও দ্বিতীয় অর্থে রাশিবিজ্ঞান বা পরিসংখ্যান সব সময়ই বহুবচন ধরা হয়। একমাত্র তৃতীয় অর্থে রাশিবিজ্ঞানকে একবচন ও বহুবচন উভয় অর্থেই ব্যবহার করা যায়।